



খালেদা জিয়ার আরোগ্য কামনায় প্রধান উপদেষ্টা, কৃতজ্ঞতা তারেক রহমানের



সংগৃহীত ছবি

দেশের রাজনৈতিক অঙ্গনে বিরল এক সৌজন্যতার নমুনা দেখা গেছে বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার অসুস্থতাকে ঘিরে। গুরুতর শারীরিক অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন খালেদা জিয়ার প্রতি গভীর উদ্বেগ জানিয়ে তার সুস্থতার জন্য প্রার্থনার আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস। আর সেই মানবিকতায় কৃতজ্ঞতা প্রকাশ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

শুক্রবার (২৮ নভেম্বর) রাতে নিজের ডেরিফায়েড ফেসবুক পেজে দেয়া এক পোস্টে তারেক রহমান লেখেন— খালেদা জিয়া বর্তমানে রাজধানীর এভারকেয়ার হাসপাতালের সিসিইউতে সংকটাপন্ন অবস্থায় আছেন। এমন সময়ে প্রধান উপদেষ্টার উদ্বেগ প্রকাশ এবং দেশবাসীর প্রতি দোয়ার আহ্বান দলের প্রতি নয়, বরং মানবতার প্রতি বড় একটি সহমর্মিতা। এদিকে প্রধান উপদেষ্টার দণ্ডুর থেকে প্রচারিত বিবৃতিতে বলা হয়, তিনবারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি দেশের গণতান্ত্রিক যাত্রার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রফেসর ইউনূস নিয়মিতভাবে তার স্বাস্থ্যগত অগ্রগতি সম্পর্কে খোঁজ নিচ্ছেন এবং চিকিৎসাসেবায় কোনো ঘাটতি না থাকে সে বিষয়ে সংশ্লিষ্টদের প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন। বিবৃতিতে আরও উল্লেখ করা হয়, রাজনৈতিক বিভেদ থাকলেও মানবিক ক্ষেত্রে সহমর্মিতা কখনোই অগ্রাহ্য করা যায় না। বেগম খালেদা জিয়া জাতির এক অনুপ্রেরণার নাম—তার সুস্থতা দেশের প্রত্যাশার অংশ।

তারেক রহমান তার প্রতিক্রিয়ায় বলেন, হাসপাতালে চিকিৎসাধীন দেশনেত্রীকে ঘিরে প্রধান উপদেষ্টার এই মানবিক অবস্থান ও সৌজন্যের জন্য আমরা আন্তরিকভাবে ধন্যবাদ জানাই।